

Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 30 June, 2025

চট্টগ্রামের এনআরবি গ্লোবাল ব্যাংক (বর্তমান গ্লোবাল ইসলামী ব্যাংক) খাতুনগঞ্জ শাখায় মাত্র পাঁচ দিনের মধ্যে প্রায় ৫০ কোটি টাকার ঋণ অনুমোদনের নামে প্রতারণা ও টাকা আত্মসাতের অভিযোগে ২৬ জনের বিরুদ্ধে দুটি মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

রোববার (২৯ জুন) চট্টগ্রাম সমন্বিত জেলা কার্যালয়-১ এর দুদকের সহকারী পরিচালক বিলকিস আক্তার মামলাটি দায়ের করেন।

মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে, সাদ মুসা গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান মাহমুদ সাজিদ কটন মিলস লিমিটেডের অনুকূলে দুটি ঋণ দ্রুত অনুমোদন দেওয়া হয় যা একটি সুপরিকল্পিত প্রতারণার অংশ।

আসামিদের মধ্যে রয়েছেন সাদ মুসা গ্রুপের কর্ণধার মোহাম্মদ মোহসিন ও তাঁর স্ত্রী, মাহমুদ সাজিদ কটন মিলস লিমিটেডের চেয়ারম্যান শামীমা নারগিস চৌধুরী, গ্লোবাল ইসলামী ব্যাংকের সাবেক চেয়ারম্যান নিজাম চৌধুরী, সাবেক ব্যবস্থাপনা পরিচালক প্রশান্ত কুমার হালদার, এবং আরও একাধিক ব্যাংকের উচ্চপদস্থ কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

বিশেষ উল্লেখযোগ্য, আসামিদের মধ্যে কয়েকজনের সম্পর্ক বিশিষ্ট রাজনৈতিক ও ব্যবসায়িক ব্যক্তিত্বদের সঙ্গে রয়েছে; যেমন, বেলাল আহমেদ এস আলম গ্রুপের কর্ণধারের জামাই এবং বোরহানুল হাসান চৌধুরী চট্টগ্রামের প্রয়াত মেয়র ও সাবেক শিক্ষামন্ত্রীর ভাই।

মামলায় দণ্ডবিধির বিভিন্ন ধারাসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইন ও ২০১২ সালের

মানিলভারিং প্রতিরোধ আইনের আওতায় অভিযোগ আনা হয়েছে।

দুদক চট্টগ্রাম সমন্বিত জেলা কার্যালয়-১ এর উপ-পরিচালক সুবেল আহমদ ঢাকা পোস্টকে বিষয়টি নিশ্চিত করেছেন।

দুদক চট্টগ্রাম সমন্বিত জেলা কার্যালয়-১ এর উপ-পরিচালক সুবেল আহমদ ঢাকা পোস্টকে বিষয়টি নিশ্চিত করেছেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 23:48

URL: <https://www.timestodaybd.com/economy/3918543939>